



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.২২.০০২.২৩.৭৭০

তারিখ: ১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক ও আচরণিক মূল্যায়নের রিপোর্ট কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নতুন জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুসারে ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের 'পারদর্শিতা নির্দেশক' (PI) ও 'আচরণিক নির্দেশক' (BI) সংক্রান্ত ডাটা অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান সফলভাবে "নৈপুণ্য অ্যাপ" এ ইনপুট দিয়ে শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক ও আচরণিক মূল্যায়নের ড্রাপক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড তৈরি করে ডাউনলোড ও প্রিন্ট করতে সক্ষম হয়েছে। কিন্তু যে সকল শিক্ষা প্রতিষ্ঠান "নৈপুণ্য অ্যাপ" ব্যবহার করে এখনো রিপোর্ট কার্ড প্রস্তুত করতে পারেননি, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আপাতত "ম্যানুয়ালি" রিপোর্ট কার্ড প্রস্তুত করে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শ্রেণির শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের উপস্থিতিতে মূল্যায়নের পদ্ধতি সম্পর্কে পুঙ্খানুপুঙ্খভাবে বুঝিয়ে শিক্ষার্থীদের হাতে রিপোর্ট কার্ড হস্তান্তর করতে হবে। তবে, আপাতত শিক্ষার্থীদের ম্যানুয়ালি প্রস্তুতকৃত "রিপোর্ট কার্ড" হস্তান্তর করা হলেও উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে "নৈপুণ্য অ্যাপ" ব্যবহার করেই মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

২৭-১২-২০২৩
এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-২

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল) এবং
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)।

স্মারক নম্বর:

তারিখ: ১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
- ৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল);
- ৪। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ৫। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);

- ৯। জেলা প্রশাসক (সকল);
- ১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল); [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়নের অনুরোধসহ];
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা; [পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
- ১২। জেলা শিক্ষা অফিসার (সকল); [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়নের অনুরোধসহ];
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল); [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়নের অনুরোধসহ];
- ১৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং
- ১৬। সংরক্ষণ নথি।



২৭-১২-২০২৩

এস এম জিয়াউল হায়দার হেনরী
সহকারী পরিচালক-২